



এইচএসসি পরীক্ষা-২০২২ সংক্রান্ত

বিশেষ বিজ্ঞপ্তি

২০২২ সালের এইচএসসি পরীক্ষা আগামী ০৬/১১/২০২২খ্রি: তারিখ থেকে শুরু হতে যাচ্ছে। এই বোর্ডের আওতাধীন কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে পরীক্ষা শুরুর প্রাক্কালে উক্ত পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশনাবলি বিশেষভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

- ১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদের নির্ধারিত কক্ষে আসন গ্রহণ করতে হবে।
- ২। পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ফিচার ফোন) ব্যতীত অন্য কেউ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না এবং কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন সঙ্গে নিয়ে আসতে পারবে না। বিষয়টি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নিশ্চিত করবেন।
- ৩। পরীক্ষা সংক্রান্ত গণসচেতনামূলক নিম্নলিখিত নির্দেশাবলি সম্বলিত ব্যানার কেন্দ্রের প্রবেশমুখে সকলের দৃষ্টিতে আসে এমন স্থানে টাঙ্গাতে হবে।
- ক) কোন পরীক্ষার্থী বা পরীক্ষার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ বা অন্য যে কোন ব্যক্তি (ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত) পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষা কেন্দ্রে যে কোন ধরনের মোবাইল ফোন বা যে কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করতে পারবেন না।
- খ) পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে এমন কোন গুজবে প্রতারণিত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।
- গ) প্রশ্নপত্র ফাঁসের গুজব সৃষ্টিকারীকে সাথে সাথে আইন শৃঙ্খলা বাহিনীর নিকট সমর্পনে সহায়তা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।
- ঘ) স্বাস্থ্যবিধি মেনে প্রত্যেক পরীক্ষার্থীর সুন্দর পরীক্ষা নিশ্চিত করার লক্ষ্যে পরীক্ষার্থীর অভিভাবকদেরকে কেন্দ্রের বাহিরে জটলা না করার অনুরোধ করা হল।
- ৪। কোন পরীক্ষার্থী যাতে নকল বা মোবাইল নিয়ে কেন্দ্রে প্রবেশ করতে না পারে, তা কেন্দ্রের প্রবেশমুখে নিশ্চিত করতে হবে।

বিষয়টি অতীব জরুরী


০৫/১১/২২

(নারায়ন চন্দ্র নাথ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

ফোন : ০২৩৩৩৩৩৬৭৬৪, ফ্যাক্স : ০৩১-২৫৫৩১৫১

Email : ce@bise-ctg.gov.bd

